



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।
www.vatdhakawest.gov.bd



নথি নং- ০৮.০১.২৬৪৮.০২০.১০৭.২৪.২১৯.২৬/২৭৬৭

তারিখঃ...০৭/০৭/২০২৬ খ্রিস্টাব্দ


অফিস স্মারক

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন সিনহা নীট এন্ড ডেনিমস লিঃ (বিন-০০০২৫০০৭২-০৪০৩), প্লট নং-১০১ টেংগুরী, জিরানী বাজার, সাভার, ঢাকা নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত বিদ্যুৎ বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো :

প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিআইএন	অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা	সংশ্লিষ্ট কোড	পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর	হিসাব নং/গ্রাহক নং	অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
সিনহা নীট এন্ড ডেনিমস লিঃ (বিন-০০০২৫০০৭২-০৪০৩)	বিদ্যুৎ বিতরণকারী	এস০৫৭.০০	১৫৫৫৬৯৭১	১০০১১০৩৮০১৬৫০	১০০%

শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা, তাহলে বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামসোনা সার্কেল, সাভার দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পন্থায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং
- আলোচ্য মূসক অব্যাহতি বিদ্যুৎ মিটার নম্বর- ১৫৫৫৬৯৭১, তারিখঃ জুলাই/২০২৬ খ্রিঃ হতে প্রযোজ্য হবে।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ (ক) অনুযায়ী বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী এ দপ্তরে দাখিল করতে হবে।


০৭/০৭/২০২৬
(কাজী ফরিদ উদ্দীন)

কমিশনার

ফোনঃ +৮৮০-০২-৪১০০২৬৫৯
ই-মেইলঃ dhakawestcom@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

সিনহা নীট এন্ড ডেনিমস লিঃ
প্লট নং-১০১ টেংগুরী, জিরানী বাজার, সাভার
(বিন-০০০২৫০০৭২-০৪০৩)